

আল-আনকাবৃত | Al-Ankabut | الْعَنْكَبُوت

আয়াতঃ ২৯ : ৬২

আরবি মূল আয়াত:

اللَّهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَشَاءُ مِنْ عِبَادِهِ وَيَقْدِرُ لَهُ ۖ إِنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ۝

۶۲

A | ✇ অনুবাদসমূহ:

আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছা করেন রিয়ক প্রশস্ত করে দেন এবং যার জন্য ইচ্ছা সীমিত করে দেন। নিচয় আল্লাহ সকল বিষয়ে সম্যক অবগত। — আল-বায়ান

আল্লাহই তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছে রিয়ক প্রশস্ত করেন আর যার জন্য ইচ্ছে সীমাবদ্ধ করেন। আল্লাহ সর্ব বিষয়ে সর্বাধিক অবগত। — তাইসিরুল

আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যাকে ইচ্ছা তার রিয়ক বর্ধিত করেন এবং যার জন্য ইচ্ছা তা সীমিত করেন। আল্লাহ সর্ব বিষয়ে সম্যক অবহিত। — মুজিবুর রহমান

Allah extends provision for whom He wills of His servants and restricts for him. Indeed Allah is, of all things, Knowing. — Sahih International

৬২. আল্লাহ তাঁর বান্দাদের মধ্যে যার জন্য ইচ্ছে তার রিয়ক বাড়িয়ে দেন এবং যার জন্য ইচ্ছে সীমিত করেন। নিচয় আল্লাহ সর্বকিছু সম্পর্কে সম্যক অবগত।

-

তাফসীরে জাকারিয়া

(৬২) আল্লাহ তাঁর দাসদের মধ্যে যার জন্য ইচ্ছা তার রূয়ী বর্ধিত করেন এবং যার জন্য ইচ্ছা তা হ্রাস করেন। [1] নিচয়ই আল্লাহ সর্ববিষয়ে সম্যক অবহিত। [2]

[1] এটা মুশরিকদের প্রশ্নের উত্তর, তারা মুসলিমদেরকে প্রশ্ন করেছিল যে, যদি তোমরা হকের উপর আছ, তাহলে তোমরা দরিদ্র ও দুর্বল কেন? আল্লাহ তাআলা তার উত্তরে বলেন যে, রূয়ীর প্রশস্ততা ও সংকীর্ণতার ব্যাপার আল্লাহর হাতে, তিনি নিজ হিকমত অনুযায়ী যাকে চান কম ও যাকে চান বেশি রূয়ী দান করেন, তাঁর সন্তুষ্টি ও অসন্তুষ্টির সাথে এর কোন সম্পর্ক নেই।

[2] এটাও তিনি জ্ঞাত আছেন যে, বেশি রূয়ী কার জন্য মঙ্গলদায়ক এবং কার জন্য মঙ্গলদায়ক নয়।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3402>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন